

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
Website: www.hajj.gov.bd


তারিখ: ১৩ জ্যেষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২৭ মে ২০১৯ খ্রি.

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১২.১৯.৯৩৩

বিষয়ঃ ১৪৪০ হিজরি/২০১৯ খ্রি. সনের বেসরকারি হজযাত্রীদের মোনাঞ্জেম ও গাইড নিবন্ধন কার্য সম্পাদনের লক্ষ্যে অর্থ জমা প্রদানের সময় বৃদ্ধিকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি ব্যবস্থাপনায় ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিঃ সনে হজ কার্যক্রমে অংশগ্রহণকারী হজ এজেন্সির মনোনীত (সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক) মোনাঞ্জেম এবং গাইডদের (যারা প্রাক-নিবন্ধিত হননি) নিবন্ধন কার্য সম্পাদনের লক্ষ্যে হজ প্যাকেজ ১৪৪০ হিজরি/২০১৯ খ্রি. এর ৩.২ অনুচ্ছেদ অনুযায়ী জনপ্রতি ৪,৫১৫.০০ (চার হাজার পাঁচশত পনের) টাকা করে আগামী ২৫/০৫/২০১৯ তারিখের পরিবর্তে ৩০.০৫.২০১৯ খ্রি. তারিখের মধ্যে সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা এর হিসাব নং-০০০২৬৩৩০৯৪৫৪৬ (Hajj Service Charge Payable to Saudi Gov't) জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রাক নিবন্ধিত কোন ব্যক্তি হজগাইড হিসেবে নিয়োগ প্রাপ্ত হলেও তাকে উল্লিখিত পরিমাণ অর্থ জমা প্রদান করতে হবে। এছাড়াও নিবন্ধনের জন্য এককালীন বিমান ভাড়া বাবদ মোনাঞ্জেম ও হজগাইড প্রতি ন্যূনতম ১,২৮,০০০/- (এক লক্ষ আটশ হাজার) টাকা ও অন্যান্য খরচও বর্ণিত তারিখের মধ্যে এজেন্সির স্ব-স্ব ব্যাংক একাউন্টে (নির্ধারিত ৩২ টি ব্যাংকে) জমা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। মোনাঞ্জেম ও হজগাইডের বিমানভাড়া বাবদ জমাকৃত অর্থ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ/সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স এর অনুকূলে প্রেরণ ছাড়া কোন এজেন্সি বা অন্য কোন প্রতিষ্ঠানকে প্রদান করা যাবে না।

০২। বিষয়টি জরুরি।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ফোনঃ ৯৫৮৪৩২২।
morahajsection@gmail.com


স্বতাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক (২০১৯ সালে হজ কার্যক্রমে অংশগ্রহণকারী ৫৯৮টি এজেন্সি)

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১২.১৯.৯৩৩

তারিখ: ১৩ জ্যেষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২৭ মে ২০১৯ খ্রি.

অনুলিপিঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (সংশ্লিষ্ট ব্যাংকে টাকা জমার রশিদ প্রাপ্তি সাপেক্ষে বেসরকারি এজেন্সির মোনাঞ্জেম ও গাইডদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করত: জরুরি ভিত্তিতে এ মন্ত্রণালয়কে অবহিত করার অনুরোধসহ)।
৫. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. ব্যবস্থাপনা পরিচালক, ব্যাংক লিঃ, ঢাকা (২০১৯ সালের জন্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ৩২ টি ব্যাংক)।
৭. মহা-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা (বিজ্ঞপ্তি মোতাবেক কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়া পল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে অবহিতকরণসহ এ বিষয়ে কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, কাওরান বাজার, ঢাকা (প্রতিটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করণের অনুরোধসহ)।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)।